



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/4/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট PBA এর সাথে 3 বছরের শ্রম চুক্তির অনুমোদনের ঘোষণা করলেন

নিউ ইয়র্ক স্টেট এজেন্সি পুলিশ সার্ভিসেস ইউনিটের সাথে চুক্তি 1,100 এর বেশি নিউ ইয়র্ক স্টেট কর্মচারীকে আওতাধীন করে

চুক্তিতে রয়েছে বার্ষিক বেতন বৃদ্ধি, অবস্থান পারিশ্রমিক বৃদ্ধি, 12 সপ্তাহ পর্যন্ত সবেতন প্যারেন্টাল ছুটি, এবং স্বাস্থ্য ভাতায় পরিবর্তন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট পুলিশ বেনেভোলেন্ট অ্যাসোসিয়েশনের (Police Benevolent Association, PBA) সাথে একটি তিন বছরের শ্রম চুক্তি অনুমোদিত হয়েছে, যেখানে ফরেস্ট রেঞ্জার, পরিবেশ সংরক্ষণ অফিসার, পার্ক টহল অফিসার এবং ইউনিভার্সিটি পুলিশ অফিসারের মতো পদসমূহে 1,100 এর বেশি নিউ ইয়র্ক স্টেট এজেন্সি পুলিশ সার্ভিসেস ইউনিটের (New York State Agency Police Services Unit) সদস্য অন্তর্ভুক্ত থাকবে। 31 মার্চ, 2026 পর্যন্ত চলমান চুক্তিটি ভোট প্রদান করা নিউ ইয়র্ক স্টেট PBA সদস্যদের থেকে 97 শতাংশ অনুমোদন পেয়ে বিজয়ী হয়েছে।

"এই শ্রম চুক্তিতে আমাদের স্টেটের প্রতি অসাধারণ অবদানের জন্য নিউ ইয়র্ক স্টেট PBA এর এজেন্সি পুলিশ সার্ভিসেস ইউনিটের নির্ভীক সদস্যদেরকে ন্যায্য ক্ষতিপূরণ প্রদান করা নিশ্চিত করবে," **গভর্নর হোকল বলেন।** "আলাপ আলোচনার পুরো সময় নিউ ইয়র্ক স্টেট PBA এর নেতৃবৃন্দের অংশীদারিত্বের আমি প্রশংসা করছি এবং নিউ ইয়র্কবাসীকে, বিশেষ করে এম্পায়ার স্টেটের পার্ক এবং পরিবেশগত এলাকাসমূহের দর্শনার্থী এবং আমাদের ইউনিভার্সিটি সম্প্রদায়ের সদস্যদের নিরাপদ রাখার জন্য তাদের কঠোর পরিশ্রম ও সংকল্পের জন্য এর সদস্যদের ধন্যবাদ জানাচ্ছি।"

এই অনুমোদিত চুক্তিতে চুক্তির প্রত্যেক বছরে সম্প্রতি সমঝোতা সম্পন্ন হওয়া অন্যান্য চুক্তির সাথে সঙ্গতি রক্ষা করে পারিশ্রমিক বৃদ্ধির বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। সেইসাথে, এই চুক্তিতে পারিশ্রমিকের অন্যান্য বৃদ্ধি যেমন একটি এককালীন বোনাস এবং 12 সপ্তাহ পর্যন্ত সম্পূর্ণ বেতন সহ সন্তান লালন-পালনের জন্য ছুটি অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও চুক্তিতে স্বাস্থ্য বীমা কর্মসূচির পরিবর্তন রয়েছে যা নেটওয়ার্কের অন্তর্ভুক্ত চাকরিজীবীদের স্বাস্থ্য বীমার ব্যয়ের সদ্যবহার ও নিয়ন্ত্রণে সাহায্য করতে উৎসাহিত করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ বেনেভোলেন্ট অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট জিম ম্যাককার্টনি বলেন, "স্টেটের কর্মচারী সম্পর্ক অফিসের সাথে সামগ্রিক আলাপ আলোচনার পর আমাদের সদস্যরা অপ্রতিরোধ্যভাবে নিউ ইয়র্ক স্টেটের সাথে তিন বছরের একটি চুক্তির অনুমোদন দিয়েছে বলে নিউ ইয়র্ক স্টেট PBA অত্যন্ত আনন্দিত। যদিও আমাদের পূর্বতন চুক্তির তুলে নি এই চুক্তিটি একটি ইতিবাচক অগ্রগামী ধাপ, তবে একটি প্রতিযোগিতামূলক ক্ষতিপূরণ এবং অবসর প্যাকেজ প্রদান করার জন্য আরো অনেক কাজ বাকি রয়েছে, যা সর্বাধিক বৈচিত্র্যময় এবং অত্যন্ত বিশেষায়িত স্টেট আইন প্রয়োগকারী কর্মকর্তাদের নিয়োগ ও ধরে রাখার ব্যাপারে সাহায্য করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)